বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 26 FEB 1989
পৃষ্ঠা ১ কলাম 5

# গণমুখী শিক্ষা ব্যবস্থার লক্ষ্যে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

গণমুখী শিক্ষা ব্যবস্থার জন্য ঐক্যবদ্ধ আন্দোলনের আহ্বান জানিয়ে বাংলাদেশ শিক্ষক সমিতির পঞ্চম জাতীয় সম্মেলন ঢাকায় শুরু হয়েছে।

গতকাল সকালে ইঞ্জিনীয়ার্স ইনষ্টিটিউটে সমিতির দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি মোহাম্মদ কামরুজ্জামান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিচারপতি কে, এম গোবহান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারতের নিখিল বঙ্গ শিক্ষক সমিতির নেতা অমিতাভ সেন।

বিচারপতি কে.এম. সোবহান তাঁর ভাষণে বলেন, বাংলাদেশের শিক্ষাব্যবস্থা এক সংকটজনক অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। শিক্ষানীতি প্রণয়নে সরকারের ব্যর্থতাই এই সংকটের জন্য দায়ী। শিক্ষানীতি নেই বলেই শিক্ষালয়ের রূপ আজ বিভিন্ন রকম। প্রাথমিক বিদ্যালয়গুলোর দুরবস্থা চরমে। শিক্ষার সুযোগ সবার কাছে পৌছেনি। শিক্ষিতের হার দশ বছর ধরে একই রয়েছে।

তিনি বলেন যে, দেশের সর্বত্র আজ বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠছে যার সাথে দেশের মাটি ও কৃষ্টির কোন যোগাযোগ নেই।

তিনি আরও বলেন যে, ১৯৭৫-এ অস্ত্রের মাধ্যমে ক্ষমতা দখলের পর থেকেই দেশের শিক্ষাক্ষেত্রে এই অবস্থা চলছে। ১৯৭৫-এর আগে তৎকালীন

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## গণমুখী শিক্ষা

(১ম পাতার পর)

সরকার যে শিক্ষানীতি প্রণয়ন করেছিলেন, তা পরবর্তী সরকারগুলো গ্রহণ করেনি। আবার পরবর্তী সরকারের শিক্ষানীতিও জনগণ গ্রহণ করেনি, এর বিরুদ্ধে সফল আন্দোলন হয়েছে।